

# থামুন এবং ভেবে দেখুন

## এই ফেডারেল নির্বাচনে তথ্যের উৎসটি যাচাই করুন

ফেডারেল নির্বাচনের সময় আপনার ভোটকে প্রভাবিত করতে বিপুল পরিমাণ তথ্য প্রচার করা হয়। আপনি যা দেখছেন, শুনছেন বা পড়ছেন, তা নিয়ে ভেবে দেখাটা গুরুত্বপূর্ণ। কোনো তথ্য নিয়ে যদি আপনার সন্দেহ থাকে, তাহলে আপনি সে সম্পর্কে প্রশ্ন করতে পারেন, যা আপনাকে আপনার মতামত গঠন করতে এবং সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

### ভোটার হিসেবে আপনার ভূমিকা

সময় নিয়ে ভেবে দেখুন তথ্যটি:

#### নির্ভরযোগ্য কি না

এটি কি নির্ভরযোগ্য বা জানা কোন উৎস থেকে এসেছে?

আপনি কি তথ্যের উৎস সম্পর্কে জানেন? এটি কি অনুমোদিত কোন মিডিয়া অফিস থেকে কিংবা কোন যাচাইকৃত সামাজিক মাধ্যমের অ্যাকাউন্ট থেকে এসেছে? নির্বাচনী আইন যোগাযোগের সত্যসত্যকে নিয়ন্ত্রণ করে না।

#### সাম্প্রতিক কি না

এটি কবে প্রকাশিত হয়েছিল?

আজকে একটি পোস্ট বা নিবন্ধ শেয়ার করা হয়েছে, তার মানে এই নয় যে এটি সাম্প্রতিক। সবসময় মূল উৎস এবং প্রকাশের তারিখটি যাচাই করে দেখুন।

#### নিরাপদ কি না

এটি কি প্রতারণা হতে পারে?

আপনি যদি এর উৎস অথবা সামাজিক মাধ্যম কিংবা অন্যান্য কোন ডিজিটাল প্ল্যাটফর্মে প্রকাশিত তথ্য সম্পর্কে সন্দেহান থাকেন, তাহলে এগুলোর সাথে নিজেকে জড়ানোর আগে সতর্কভাবে সাথে চিন্তা করা গুরুত্বপূর্ণ।

যেখানে সম্ভব, আপনার উচিত হবে তথ্যের উৎসটির সাথে দেয়া যোগাযোগের বিস্তারিত যাচাই করে দেখা।

### AEC এর ভূমিকা

অস্ট্রেলিয়ান ইলেক্টোরাল কমিশন (AEC) একটি স্বতন্ত্র এজেন্সি, যার কাজ হল ফেডারেল নির্বাচন পরিচালনা করা। AEC এর কাজ হল:

নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য দেয়া

কীভাবে প্রার্থী হিসেবে দাঁড়ানো যায়, ভোট দেওয়া বা ভোটার তালিকাভুক্ত হওয়া যায় সে সম্পর্কে AEC আমাদের বিজ্ঞাপনী প্রচারণা, ওয়েবসাইট, যোগাযোগ কেন্দ্র এবং সামাজিক যোগাযোগ মাধ্যম অ্যাকাউন্টের মাধ্যমে তথ্য সহজলভ্য করবে।

যদি এইসব নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে কোন ভুল তথ্য থাকে, সেক্ষেত্রে AEC ঐ রেকর্ড সংশোধন করার জন্য কাজ করবে। এই নির্বাচনী প্রক্রিয়ার বাইরে - নির্বাচনী যোগাযোগের সত্যতা যাচাইয়ে AEC এর কোনো ভূমিকা নেই।

নির্বাচনী যোগাযোগের অনুমোদন সম্পর্কে অনুসন্ধান করুন

তথ্যের উৎস জানতে আপনাকে সাহায্য করার লক্ষ্যে কিছু কিছু নির্বাচনী যোগাযোগ অনুমোদিত হতে হবে। যথাযথভাবে অনুমোদিত নয়, এমন নির্বাচনী যোগাযোগ সম্পর্কে অভিযোগ পাওয়ার পর, AEC তদন্ত করবে।

